# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

Registered
No. C. 853



## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই কার্ত্তিক বুধবার ১৩৬৭ ইংরাজী 26th Oct. 1960 { ২৩শ সংখ্যা








মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৯ই কার্ত্তিক বুধবার সন ১৩৬৭ সাল।

## কুশ-পুত্তলিকা দাহ

—•—

আজকাল যাদের অঙ্গ স্পর্শ করা দূরের কথা নিকটে যাইবারও অধিকার নাই, তাহাদের কোন কার্য্যে সাধারণ লোকের অপ্রিয় হইলে সেই সব উচ্চপদস্থ নাগালের বাইরেও তাহাদের অমর্য্যাদা করিবার জন্য কুশ বা খড়কুটোর পুতুল গড়াইয়া অমুকের কুশ-পুত্তলিকা দাহ করিলাম বলিয়া ঘোষণা করে।

গত শ্যামাপূজার রাত্রিতে এক কলিকাতা সহরেই শিল্পীদের দ্বারা গঠিত মা কালী ও পিতা মহাদেব উভয়ের প্রতিমূর্ত্তি প্রায় দশস্থানে অগ্নিদগ্ধ করা হইয়াছে। যাহাদের দ্বারা এই অপকর্ম্ম সংগঠিত হইয়াছে অনেকে মনে করেন অসুরের ভয়ে দেবতাদিগের রক্ষার জন্যে মা করালবদনী বহু অসুর ও দানব নিধন করিয়াছিলেন। সেই সকল দানবরা মানবমূর্ত্তি ধরিয়া কালীপূজার ছলে মাতৃ মূর্ত্তিসহ পিতৃমূর্ত্তিকেও দগ্ধ করিয়াছে।

ভক্ত কবি ৺চন্দ্রকান্ত দেবশর্ম্মার রচিত একখানি গান নিম্নে প্রকাশ করিলাম—মায়ের কি বাসনা তাহা মা'ই জানে।

গান

এ কি হেরি মা শবাসনা
বলগো বামা শবাসনা
কে রমণী কার ললনা
কেন হেরি মা বিবসনা।

কুচপদ্ম-কলিসম
ক্ষীণ কটি কি পরিপাটী।
তাহে শোভিছে করশ্রেণী
পড়েছ মালা মুণ্ডকাটি।

বিশালাক্ষী বিম্বাধরা
কপোলে রুধির ধারা।
ত্রিনয়নে অনল জ্বলে
এলোকেশী লোলরসনা।

অসুর-ভয়ে দেব রাখিতে
সেজেছ বুঝি মা অসিতে
অন্তে প্রান্তে চন্দ্রকান্তে
পদে স্থান দিতে ভুল না।

ভক্তের ছদ্মবেশে দানবগুলি দেবমূর্ত্তিদগ্ধ করিয়াছে। বহু নিরীহ মানব ইহাদের বাজী পুড়ানোর তাণ্ডবেই জীবন্মৃত হইয়া হাসপাতালে নীত হইয়াছে। এই উৎসবের উৎপাত যতদূর জানিতে পারিয়াছি তাহা নিম্নে প্রকাশ করা হইল।

## শ্যামাপূজার রাত্রে বিভিন্ন অঞ্চলে দুর্ঘটনা

### ১০টী মণ্ডপ ভস্মীভূত ৩ শতাধিক লোক-গ্রেপ্তার

শ্যামাপূজার মধ্যরাত্রি। বুধবার, রাত বারটা। হাউই-তুবড়ির ফোয়ারা আলোয়, বাজী-পটকার কর্ণভেদী চীৎকারে অমাবস্থার অন্ধকার খান খান হইয়া যাইতেছে।

এদিকে গ্রেপ্তার, অগ্নিসংযোগ, আহতের ঘটনাও বাড়িয়াই চলিয়াছে। এই বিবরণ লেখার সময় পর্যন্ত কলিকাতায় বিভিন্ন পূজামণ্ডপ ভস্মীভূত হওয়ার সংখ্যা দশ, বাজীর আগুনে বিভিন্ন হাসপাতালে আনীত আহতের সংখ্যা শতাধিক, বেআইনীভাবে বাজীপোড়ানো ইত্যাদির অভিযোগে গ্রেপ্তারের সংখ্যা প্রায় তিন শত, কলিকাতা ও হাওড়ায় জুয়া খেলার অভিযোগে গ্রেপ্তারের সংখ্যা প্রায় একশত এবং পূজামণ্ডপ প্রভৃতি বিভিন্ন স্থানে অগ্নিসংযোগের সংখ্যা প্রায় ষাট। রাত বাড়ার সঙ্গে সঙ্গে ঘটনাও বাড়িতেছে।

এইদিন সকালে দ্বারকানাথ ঠাকুর গলিতে একটি পূজামণ্ডপ একেবারে জ্বলিয়া যায়। দমকলের পাঁচটি ইঞ্জিন এক ঘণ্টার পরিশ্রমে অবস্থা আয়ত্তে আনে। মধ্য কলিকাতায় রামচন্দ্র সেন গলিতে বিজলীর তার হইতে আগুন লাগিয়া এক পূজা-মণ্ডপের একাংশ জ্বলিয়া যায়। বেলেঘাটার চাউলপট্টি রোডে নেতাজী সঙ্ঘ কর্ত্তৃক আয়োজিত এক পূজার মণ্ডপ সম্পূর্ণরূপে জ্বলিয়া যায়। কালী-মূর্তিও আগুনের কবলে পড়ে। রাত আটটা নাগাদ কড়েয়া রোড এলাকায় সার্কাস এভিনিউতেও কালীমূর্তিসহ মডার্ণ স্পোর্টিং ক্লাবের পূজামণ্ডপ আগুনে সম্পূর্ণ জ্বলিয়া যায়।

প্রায় ঐ সময়ই মানিকতলা এলাকার কলিমুদ্দি লেনে শক্তিসঙ্ঘ কর্তৃক আয়োজিত এক পূজার মণ্ডপ বাজীর আগুনে ভস্মীভূত হইয়া যায়। প্রকাশ, শেষোক্ত ঘটনায় পাড়ার ছেলেরা পাশের এক বাড়ীতে গিয়া উহার জন্য ক্ষতিপূরণ দাবি করে। ঐ বাড়ী হইতেই নাকি আগুন ছুটিয়া আসে। আরও প্রকাশ, পাশের বাড়ীর ভদ্রলোক প্রতিমার জন্য ক্ষতিপূরণ দিতে সম্মত হন।

লেক টেরেস রোডে একটি, আপার চিৎপুর রোডে একটি, ভবানীপুরে দুটি এবং বেহালাতে একটি পূজামণ্ডপও পুড়িয়া যায়।

যে সকল ঘটনায় প্রতিমা পুড়িয়া যায়, তাহার প্রত্যেকটি ক্ষেত্রেই নূতন প্রতিমা আনিয়া পূজা করা হয়।

পুলিশের পক্ষ হইতে জানা যায়, অধিকাংশ ক্ষেত্রেই বেপরোয়াভাবে বাজী পটকা ইত্যাদি ছোড়ার জন্যই আগুন লাগিয়াছে। দমকল বাহিনীর লোককে এইদিন সর্ব্বক্ষণ আগুন নিভাইতে ব্যস্ত থাকিতে হয়।

তাহা ছাড়া বিভিন্ন পাড়ার বহু বাড়ীতেও ছোটখাট আগুন লাগে। লেক টেরেসের এক বাড়ীতে, ফার্ণ রোডের এক কুটিরে, মাধব চ্যাটার্জ্জি লেনের এক বাড়ীতে ঐরূপ ঘটনা ঘটে। কালীঘাট এলাকায় নরেন্দ্র ভট্টাচার্য ষ্ট্রীটে এক ঠেলাগাড়িও বাজীর আগুনে পুড়িয়া যায়। কেশব সেন ষ্ট্রীটের এক বাড়ীতে, কিছু কাপড়চোপড়ও আগুনে পুড়িয়া যায়। হাওড়াতে ভৈরব দত্ত লেনে এক হোগলার বাড়ী পোড়ে এবং দুইটি স্থানে খেজুরগাছ জ্বলিয়া যায়।

শহরের প্রায় প্রত্যেকটি হাসপাতালেই বাজীর আগুনে দগ্ধ হইয়া ভর্তির ঘটনা আছে। তন্মধ্যে মেডিকেল কলেজে ২০ জন, নীলরতন সরকার

হাসপাতালে ৪ জন, আর জি কর হাসপাতালে ২৫ জন, চিত্তরঞ্জন হাসপাতালে ১০ জন, বাঙ্গুর হাসপাতালে ১২ জন, ন্যাশনাল মেডিকেলে ৪ জন, হাওড়া হাসপাতালে ৫ জন, শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে ১৬ জন, আগুনে দগ্ধ হইয়া আসেন। তন্মধ্যে কয়েকজনকে ভর্তি করিয়া বাকীদের ছাড়িয়া দেওয়া হয়। মেডিকেল কলেজ হাসপাতালে ৪ জন এবং আর জি কর হাসপাতালে আটজনের অবস্থা নাকি গুরুতর। তাহা ছাড়া আগুনে আরও বহু লোক নানাস্থানে আহত হইয়াছেন।

হলধর বর্ধন লেন হইতে বৈদ্যনাথ ধর ও রাজেন্দ্র ধর, বকুলবাগান রো হইতে রবীন্দ্রনাথ পাল, শীতলাতলা হইতে দেবাশিস গাঙ্গুলী মেডিকেল কলেজে ভর্তি-আহতদের মধ্যে আছেন। মহেন্দ্র চ্যাটার্জি লেন হইতে মঞ্জু ব্যানার্জি চিত্তরঞ্জন হাসপাতালে ভর্তি হন। বরাহনগর হইতে কাশীনাথ ঘোষ প্রমুখ তিনজন, আর জি কর হাসপাতালে ভর্তি আগুনে আহতদের মধ্যে আছেন। টালিগঞ্জ হইতে ইন্দ্রজিৎ মিত্র নীলরতন সরকার হাসপাতালে ভর্তি হইয়াছেন।

এইদিন রাত ১২টা পর্য্যন্ত পুলিশ তিন শতাধিক লোককে বেআইনীভাবে বাজীপোড়ানো, জুয়াখেলা ইত্যাদির অভিযোগে গ্রেপ্তার করে। পূর্ব্বদিন মঙ্গলবার গ্রেপ্তারের সংখ্যা ছিল ১৭৫।

এণ্টালী এলাকায় সি আই টি ফ্ল্যাটের নিকটে একটি ছেলের কপাল বাজীর আগুনে পুড়িয়া যায়। পুলিশ ঐ বাড়ীর সংলগ্ন এক বাজীর দোকানের মালিককে বেআইনী বাজী বিক্রয়ের অভিযোগে গ্রেপ্তার করে। কামারহাটিতেও তিনজনকে গ্রেপ্তার করা হয়।


### প্রতিমা ভগ্ন

এইদিন মুর্শিদাবাদের দুইটি ঘটনা কলিকাতায় পাওয়া যায়। একটি ঘটনার অভিযোগে প্রকাশ, গত ১৭ই অক্টোবর একদল দুর্বৃত্ত ডোমকল থানার পিরোজপুর গ্রামের জনৈক গোপালচন্দ্র মালাকারের বাড়ীর কালীমূর্ত্তি ভাঙ্গিয়া দেয়। অন্য ঘটনায় ঐ গ্রামেরই আদ্যনাথ চাকীর বাড়ীতে সর্ব্বমঙ্গলা কালীর মূর্ত্তিও একদল দুর্বৃত্ত ঐদিনই ভাঙ্গিয়া দেয়।

---

## সদ্য লক্ষ টাকা লটারী-বিজয়িনী।

—:o:—



গৃহিণী—ঘুমের সময় বিরক্ত ক'রো না।

স্বামী—কখন তোমার অবসর হবে? আমি তখনই আসবো।

গৃহিণী—বৈদ্য শাস্ত্রে বলে—

দুর্ব্বলে সবলা নাড়ী—<br>
সা নাড়ী প্রাণ-ঘাতিকা।

স্বামী—সে নাড়ী! নারী নয়।

গৃহিণী—বানান তো আমার ইচ্ছা মত।

ছিলাম—ধনি এখন ধনী<br>
ধ্বনি বদ্‌লে গেছে।

---

## বাংলা ভাষাই শিক্ষার বাহন

### প্রথম শ্রেণী হইতে একাদশ শ্রেণী পর্যন্ত ব্যবস্থা

জুনিয়ার, উচ্চ এবং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়-সমূহে কি কি ভাষা পাঠ্যক্রমরূপে নির্ধারণ করা যাইতে পারে, তৎসম্পর্কে বিবেচনা ও রিপোর্ট করিবার জন্য রাজ্য সরকার কর্ত্তৃক যে কমিটি গঠন করা হইয়াছিল, ঐ কমিটি তাঁহাদের রিপোর্টে পশ্চিমবঙ্গের মাতৃভাষা বাংলাকে প্রথম শ্রেণী হইতে একাদশ শ্রেণী পর্যন্ত সকল স্তরে শিক্ষার বাহনরূপে নির্ধারণের নিমিত্ত সুপারিশ করিয়াছেন।

কমিটি এইরূপ মন্তব্য করিয়াছেন যে, বিদ্যালয়ে পাঠ্যক্রমে অন্যান্য ভাষার তুলনায় মাতৃভাষাকেই অধিকতর প্রাধান্য দিতে হইবে, এবিষয়ে তাঁহারা সম্পূর্ণ একমত। কমিটি প্রথম শ্রেণী হইতে দশম বা একাদশ শ্রেণী পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে বাংলা ভাষা পঠন-পাঠনের ব্যবস্থার নিমিত্ত সুপারিশ করেন।

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা কষ্টাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




# খাস জনতা

কেরোসিন কুকার

রুচির চাহিদা ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৪ই নভেম্বর ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৩৯ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং হাসিমুদ্দিন মণ্ডল দিং দাবি ৯১৮/০ থানা সুতি মৌজে নারায়ণপুর ২৮/১ জমির কাত ১৭৮/৩ আঃ ৬০৲ খং ১৩,১৫নং

১৯৬০ সালের ডিক্রীজারী

৫৩ মনি ডিঃ বৈদ্যনাথ চৌধুরী দেং উমাপদ ঘোষ দিং দাবি ২৩৭-০৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনাইতনগর ২-৬২ শতকের কাত ১১৮/০ তন্মধ্যে ৯৭ শঃ আঃ ২২০৲ খং ২০১ রায়তি স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৪ই নভেম্বর ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

১৩ মনি ডিঃ সন্তীশচন্দ্র দাস দেং হেমন্তকুমারী দেবী দিং দাবি ৫৩'৭১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ১৪ শতকের কাত ।০ আঃ ৬০৲ খং ২৬৪ নূতন রায়তি স্বত্ব

---

## হাইকোর্টসমূহের বকেয়া মামলার নিষ্পত্তি

কেন্দ্রীয় আইন মন্ত্রণালয় সুপারিশ করিয়াছেন যে, হাইকোর্টসমূহে বকেয়া মামলার নিষ্পত্তির জন্য কোন দেওয়ানি মামলা দুই বৎসরের বেশী এবং ফৌজদারি মামলা ছয় মাসের অধিক অমীমাংসিত রাখা উচিত হইবে না। হাইকোর্টে বৎসরে অন্ততঃ ২১০ দিন কাজ হইবে। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

## বসন্ত নিবারণ কর্ম্মসূচী

বিভিন্ন রাজ্যে বসন্ত রোগ নিবারণের পরিকল্পনা সুরু হইয়াছে। অন্যান্য রাজ্যে এই পরিকল্পনা শীঘ্রই আরম্ভ করা হইবে। এ পর্য্যন্ত ১৪ লক্ষাধিক লোককে টিকা দেওয়া হইয়াছে। আগামী মার্চ্চ মাসের মধ্যে ১৭টি পরীক্ষামূলক পরিকল্পনা আরম্ভ করা হইবে।

---

## টিকা উৎপাদন

তৃতীয় পরিকল্পনায় যে বসন্ত রোগ নিবারণসূচী আরম্ভ করা হইবে তাহার জন্য আবশ্যক টিকার ঔষধ উৎপাদনকারী বিভিন্ন প্রতিষ্ঠানকে ১৯৬০-৬১ সালে ভারত সরকার পুরা সাহায্য দেওয়ার সিদ্ধান্ত করিয়াছেন। বর্ত্তমানে এদেশে তেরটি প্রতিষ্ঠানে টিকা উৎপাদিত হয়। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

## গরীব চাষীদের ক্ষতি

বি. এ. কে রেলের আজিমগঞ্জ হইতে তিলডাঙ্গা পর্য্যন্ত রেল লাইনের উভয় পার্শ্বস্থ চাষের উপযোগী জমি বহু পূর্ব্ব হইতে এক বৎসর মিয়াদে রেল কোম্পানী চাষীদিগকে বন্দোবস্ত করিত। প্রতি বৎসরের ন্যায় এবারও চাষীগণ উক্ত জমিতে চাষ দিয়া ফসল লাগায় কিন্তু বহু আবেদন নিবেদন করিয়াও বন্দোবস্ত পায় না। ঐ সব জমির ফসল গোপ সম্প্রদায় চড়াইয়া দিয়াছে। গরীব চাষীদের হা হুতাশ করা ছাড়া গত্যন্তর নাই। রেল কোম্পানী এ বৎসর এরূপ অব্যবস্থা করিল কেন তাহা কেহ উপলব্ধি করিতে পারিতেছে না।

---

## পাঠাগারে চুরি

গত ২২শে অক্টোবর শনিবার রাত্রে রঘুনাথগঞ্জ "দেশবন্ধু-যতীনদাস পাঠাগারে"র পূর্ব্বদিকের দরজা ভাঙ্গিয়া চোরে রেডিও, ঘড়ি, টেবল-ক্লথ ও দশ সের আন্দাজ পুরাতন খবরের কাগজ লইয়া গিয়াছে। পাঠাগার কর্ত্তৃপক্ষ পুলিশে খবর দিয়াছেন।

---

## উৎকোচ গ্রহণ ও তছরূপের অভিযোগ

### ম্যাজিষ্ট্রেটের বিরুদ্ধে মামলা দায়েরের অনুমতি

প্রকাশ, কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তর হইতে উড়িষ্যা সরকারকে ঘুষ লইবার ও তহবিল তছরূপের অভিযোগে কালাহাণ্ডির ভূতপূর্ব্ব ম্যাজিষ্ট্রেট শ্রী বি জি রাও পট্টনায়ক, আই এ এস-এর বিরুদ্ধে মামলা দায়ের করার অনুমতি দেওয়া হইয়াছে।

শ্রী বি জি রাও পট্টনায়ককে পূর্ব্বেই সসপেণ্ড করা হইয়াছে। তাঁহার বিরুদ্ধে মামলা দায়ের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের অনুমতির জন্য অপেক্ষা করিতেছিলেন। আরও জানা গিয়াছে যে, অনেক সরকারী কর্ম্মচারী ও বেসরকারী ব্যক্তি ছাড়াও একজন তহশীলদার ও একজন ঠিকাদার এই ব্যাপারে জড়িত আছেন এবং তাঁহাদের বিরুদ্ধেও শীঘ্রই মামলা শুরু হইবে।


---

## মাধ্যমিক স্কুলের নূতন সেসন

### আগামী ১লা ফেব্রুয়ারী কিম্বা ১লা মার্চ হইতে সুরু হইবে

পশ্চিমবঙ্গে মধ্যশিক্ষা পর্ষৎ কর্ত্তৃপক্ষ এই রাজ্যে মাধ্যমিক বিদ্যালয়গুলিকে আগামী সেসন সুরু হওয়ার সময় বিভিন্ন বিদ্যালয়ের সুবিধা অনুযায়ী ১লা ফেব্রুয়ারী বা ১লা মার্চ্চ করিবার জন্য নির্দ্দেশ দিবার সিদ্ধান্ত করিয়াছেন বলিয়া প্রকাশ। বিভিন্ন বিদ্যালয়ের পক্ষ হইতে মধ্যশিক্ষা পর্ষৎ কর্ত্তৃপক্ষের সহিত আলাপ আলোচনার পর ঐ সিদ্ধান্ত গৃহীত হয়। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, পূর্ব্বে পর্ষৎ কর্ত্তৃপক্ষ বিদ্যালয়ের আগামী সেসন ১৫ই ফেব্রুয়ারী হইতে সুরু করিবার নির্দ্দেশ দিয়াছিলেন।

# আপনার সঞ্চয় জাতির সম্পদ




এই কটির যে কোনটি বা সবকটিই নিতে পারেন।

* ১২-বছর মেয়াদী ন্যাশনাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট। ১০০৲ বার বছর পরে ১৬৫৲ হবে।
* পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্ক ডিপোজিট। — সুদ বার্ষিক ২% থেকে ২½%
* ১০-বছর মেয়াদী ট্রেজারী সেভিংস ডিপোজিট সার্টিফিকেট। সুদ বার্ষিক ৪%
* ১৫-বছর মেয়াদী এন্যুইটি সার্টিফিকেট (দ্বিতীয় পর্যায়) বার্ষিক ৪·২৫% সুদসহ আসল টাকা ১৫ বছরে প্রতি মাসে নির্দ্দিষ্ট হারে পরিশোধ করা হয়।
* ক্রমবর্দ্ধমান নির্দিষ্ট মেয়াদী পাশ-বই পরিকল্পনা। —সুদ ৩·৩% থেকে ৩·৮%

যে টাকা আপনি স্বল্প সঞ্চয় পরিকল্পনায় নিয়োগ ক'রবেন তার ২/৩ অংশ আপনারই গ্রামের স্বাস্থ্য-কেন্দ্র, ক্ষুদ্র জলসেচ বা নলকূপ ও অন্যান্য জনকল্যাণমূলক কাজে ব্যয় করা হবে।

## স্বল্প সঞ্চয় পরিকল্পনা






সকল পোষ্ট অফিসে, ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার অফিসগুলিতে এবং রিজিওন্যাল ন্যাশনাল সেভিংস অফিসার, হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা-১৩ ঠিকানায় বিস্তারিত বিবরণ পাওয়া যায়।

**পশ্চিমবঙ্গ সরকার**



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর্‍যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১।৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।